

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫  
[www.dls.gov.bd](http://www.dls.gov.bd)

প্রাণিসম্পদ অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই - সেপ্টেম্বর ২০২২) সভার কার্যবিবরণী

সভাপতি	ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ	২৫/০৯/২০২২ খ্রিঃ
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	মহাপরিচালক মহোদয়ের কক্ষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের (জুলাই - সেপ্টেম্বর ২০২২) নৈতিকতা কমিটির সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ডাঃ মোঃ আব্দুল আজিজ আল মামুন, পরিচালক (সম্প্রসারণ)-কে অনুরোধ করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রাণিসম্পদ অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রার বিপরীতে কার্যক্রমসমূহের অগ্রগতির তথ্য সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**ক) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ২০২২-২৩-এর ১ম ত্রৈমাসিক (জুলাই - সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত)  
বাস্তবায়ন অগ্রগতিঃ**

ক্রমিক নং	কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সূচকের নাম	একক	১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা	১ম কোয়ার্টারে বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
১.	১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন	সভা আয়োজিত	সংখ্যা	১	২৫/০৯/২০২২ তারিখে ১টি সভা আয়োজিত	পরিচালক, প্রশাসন
২.	১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	বাস্তবায়িত সিদ্ধান্ত	%	১০০%	চলমান	পরিচালক, প্রশাসন
৩.	১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	অনুষ্ঠিত সভা	সংখ্যা	১	সভা অনুষ্ঠিত	উপপরিচালক, প্রশাসন
৪.	১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণ আয়োজিত	সংখ্যা	১ম শ্রেণি (২৫) ৩য় শ্রেণি (২০)	চলমান	উপপরিচালক, এইচআরডি
৫.	২.১ ২০২২-২৩ অর্থবছরের ক্রয়- পরিকল্পনা (প্রকল্পের)	ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	৩১/০৭/২২	ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা	চীফ, পিইসি

ক্রমিক নং	কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সূচকের নাম	একক	১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা	১ম কোয়ার্টারে বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
	অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ				হয়েছে	
৬.	২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ)	ক্রয়-পরিকল্পনা বাস্তবায়িত	%	১০%	চলমান	পরিচালক, বাজেট
৭.	২.৩ বাজেট বাস্তবায়ন	বাজেট বাস্তবায়িত	%	১০%	চলমান	পরিচালক, বাজেট
৮.	২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	সভা আয়োজিত	সংখ্যা	১০	চলমান	চীফ, পিইসি
৯.	২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা	প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরিত	তারিখ	৩০/০৯/২২	১) 'প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার (কিউসি ল্যাব) স্থাপন প্রকল্প' এবং ২) 'ব্ল্যাক বেঞ্জল জাতের ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পসমূহের স্থাপনা ও যন্ত্রপাতিসহ অন্যান্য সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরিত হয়েছে	পরিচালক, প্রশাসন
১০.	৩.২ সকল উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে গবাদিপশুর ভ্যাকসিন ও কৃত্রিম প্রজনন সেবার মূল্যতালিকা ডিসপ্লে বোর্ডে প্রদর্শন করা	মূল্য তালিকা ডিসপ্লে বোর্ডে প্রদর্শিত	তারিখ	২১/০৭/২২	বাস্তবায়িত	পরিচালক, সম্প্রসারণ
১১.	৩.৩ দূনীতি প্রতিরোধে সচেতনতামূলক প্রচারণা	সচেতনতামূলক প্রচারণা প্রচারিত	তারিখ	২১/০৭/২২	বাস্তবায়িত	পরিচালক, সম্প্রসারণ
১২.	৩.৪ উন্নয়ন প্রকল্পের আওতায় খামারিদের মাঝে গবাদিপশু ও হাঁস- মুরগি বিতরণ।	গবাদিপশু ও হাঁস- মুরগি বিতরণকৃত	সংখ্যা	৫০০০০	চলমান	চীফ, পিইসি

**খ) সভার সিদ্ধান্তঃ**

জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ২০২২-২৩ অর্থবছরের ১ম কোয়ার্টারের (জুলাই - সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন মাঠপর্যায়ের সকল দপ্তরে শুদ্ধাচার বিষয়ক ১ম ত্রৈমাসিক (জুলাই - সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত) কার্যক্রম সময়মত সম্পন্ন এবং শুদ্ধাচার বিষয়ক ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ ও সংশ্লিষ্ট ওয়েবসাইটে আপলোড করার জন্যে পত্রজারীর সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক, প্রশাসন

অতঃপর সভায় আর কোনও আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ডা: মুরজুর মোহাম্মদ শাহজাদা)  
মহাপরিচালক

ও  
সভাপতি, নৈতিকতা কমিটি,  
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা  
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।